

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
সিনিয়র উপজেলা মৎস্য অফিসারের কার্যালয়  
মহেশখালী, কক্সবাজার।  
[www.fisheries.moheshkhali.coxsbazar.gov.bd](http://www.fisheries.moheshkhali.coxsbazar.gov.bd)


পত্র নং -৩৩.০২.২২৪৯.৫০১.২৬.০০৮.২৫.১৫১

তারিখ- ২৫ ভাদ্র ১৪৩২  
০৯ সেপ্টেম্বর ২০২৫

বিজ্ঞপ্তি

এতদ্বারা মহেশখালী উপজেলার আর্টিসানাল নৌযান মালিকদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সামুদ্রিক মৎস্য (Marine Fisheries) আইন, ২০২০ এর ধারা ২১ অনুযায়ী অনুমতিপ্রাপ্ত আর্টিসানাল নৌযান ব্যতীত অন্য কোনো আর্টিসানাল নৌযান সামুদ্রিক মৎস্য আহরণ এলাকায় মৎস্য আহরণ করিতে পারিবে না। এ বিষয়ে ব্যপক প্রচারণার পরেও কতিপয় আর্টিসানাল নৌযান মালিক অনুমতিপত্র ব্যতীত সামুদ্রিক এলাকায় মৎস্য আহরণ করছে মর্মে প্রতীয়মান হয়েছে।

এমতাবস্থায়, অনুমতিপত্র বিহীন আর্টিসানাল নৌযান এর বিরুদ্ধে নিয়মিত অভিযান পরিচালনা এবং সামুদ্রিক মৎস্য (Marine Fisheries) আইন, ২০২০ অনুযায়ী শাস্তিমূলক ব্যবস্থা গ্রহন করা হবে।



( সাহাদুল ইসলাম )

সিনিয়র উপজেলা মৎস্য অফিসার  
মহেশখালী, কক্সবাজার

অনুলিপি:

- ১। জেলা মৎস্য কর্মকর্তা, কক্সবাজার।
- ২। কন্টিনজেন্ট কমান্ডার, বাংলাদেশ কোস্ট গার্ড, মহেশখালী।
- ৩। সভাপতি, আর্টিসানাল বোট মালিক সমিতি, মহেশখালী (বহল প্রচারের জন্য)